# চাঁদাবাজির মামলায় নারায়ণগঞ্জ কৃষক দলের নেতা ফয়সাল গ্রেপ্তার



নারায়ণগঞ্জ কৃষক দলের নেতা ফয়সাল। ছবি: সংগৃহীত

চাঁদা দাবির অভিযোগে করা মামলায় নারায়ণগঞ্জ মহানগর কৃষক দলের সদস্য সচিব সাইফুদ্দিন মোহাম্মদ ফয়সালকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) দুপুরে সিদ্ধিরগঞ্জ থেকে তাকে আটক করা হয়।

পুলিশ জানায়, পদ্মা অয়েল পিএলসির গোদনাইল ডিপোর কর্মীদের কাছে এককালীন ২০ লাখ টাকা এবং মাসে ২ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগে ফয়সালের বিরুদ্ধে মামলাটি করা হয়েছে। গ্রেপ্তারের পর তাকে জিজ্ঞাসাবাদের জন্য নারায়ণগঞ্জ জেলা গোয়েন্দা (ডিবি) কার্যালয়ে নেওয়া হয়।

অতিরিক্ত পুলিশ সুপার (ডিবি) মো. হাছিনুজ্জামান বলেন, দুপুর ১২টার দিকে সিদ্ধিরগঞ্জ থেকে চাঁদাবাজির অভিযোগে ফয়সালকে গ্রেপ্তার করা হয়।

মামলার এজাহার অনুযায়ী, গত ১ জুলাই পদ্মা অয়েলের গোদনাইল ডিপোর জেট-এ-১ পয়েন্টের চেকার মো. রফিকুল ইসলামের সঙ্গে হোয়াটসঅ্যাপে যোগাযোগ করেন ফয়সাল। এ সময় ডিপোর কর্মীদের কাছে ২০ লাখ টাকা এককালীন এবং মাসে ২ লাখ টাকা দেওয়ার দাবি করা হয় বলে অভিযোগ করা হয়েছে। টাকা দিতে রাজি না হলে রফিকুলকে ভয়ভীতি দেখানো এবং হত্যার হুমকি দেওয়ার কথাও এজাহারে উল্লেখ রয়েছে।

এজাহারে আরও বলা হয়, ১ আগস্ট ১০ থেকে ১২ জনকে সঙ্গে নিয়ে ফয়সাল ডিপোতে গিয়ে আবারও টাকা দাবি করেন। টাকা না দিলে চাকরি করতে দেওয়া হবে না এবং মামলা করলে হত্যা করে লাশ গুমের হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ করা হয়েছে।

সিদ্ধিরগঞ্জ থানার ওসি মোহাম্মদ এমদাদুল হক বলেন, অভিযোগটি তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।